

PRINT

# সমকাল

প্রধানমন্ত্রী ঘোষণা দেবেন

## ২৭৩০ শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তি আজ

১২ ঘট্টা আগে

### বিশেষ প্রতিনিধি

নতুন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করার ঘোষণা আসছে আজ বুধবার। দুপুর ১২টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ ঘোষণা দেবেন। প্রধানমন্ত্রীর ঘোষণার পর আজ বিকেলেই শিক্ষা মন্ত্রণালয় থেকে পরিপত্র জারি হতে পারে।

গতকাল মঙ্গলবার দুপুরে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে জ্যেষ্ঠ সাংবাদিকদের সঙ্গে আয়োজিত এক মতবিনিময়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, বিদ্যমান এমপিও নীতিমালায় 'যোগ্য' বিবেচিত একটি শিক্ষাপ্রতিষ্ঠানকেও এবার বাদ দেওয়া হয়নি। রাজনৈতিক বিবেচনা ও অন্য কোনো তদবিরে নয়; শতভাগ নীতিমালা অনুসরণ করে, নিয়মনীতির ভিত্তিতে এমপিওভুক্তি দেওয়া হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের দায়িত্বশীল সূত্র নিশ্চিত করেছে, এবার সারাদেশের মোট দুই হাজার ৭৩০টি স্কুল ও কলেজ এ তালিকায় স্থান পেয়েছে। এ ছাড়াও রয়েছে মাদ্রাসা ৫৫৭টি, ভোকেশনাল প্রতিষ্ঠান ১৭৭টি, কৃষিপ্রতিষ্ঠান ৬২টি এবং এইচএসসি বিএম (বিজনেস ম্যানেজমেন্ট) প্রতিষ্ঠান ২৮৩টি। আর্থিক সংকটের কারণে শেষের ২৮৩টি প্রথমে বাদ দেওয়া হয়েছিল। পরে অর্থের ব্যবস্থা করে বিএম প্রতিষ্ঠানগুলোকেও এমপিওভুক্তির তালিকায় আনা হয়েছে।

মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে যে ১ হাজার ৬৫১টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত হচ্ছে, তাদের মধ্যে নতুন শিক্ষাপ্রতিষ্ঠান ৬৮০টি। আর স্তর পরিবর্তন (নিম্ন মাধ্যমিক থেকে মাধ্যমিক, মাধ্যমিক থেকে উচ্চ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক থেকে ডিগ্রি স্তরে উন্নীত হওয়া) প্রতিষ্ঠান ৯৭১টি। নতুন এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে নিম্ন মাধ্যমিক ৪৩৯টি, মাধ্যমিক ১৪৬টি, স্কুল অ্যান্ড কলেজ ২টি এবং কলেজ ৯৩টি। অন্যদিকে, স্তর পরিবর্তনের মাধ্যমে এমপিওভুক্ত ৯৭১টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে রয়েছে মাধ্যমিক ৮৪৯টি, স্কুল অ্যান্ড কলেজ ৬৬টি এবং কলেজ ৫৬টি।

এমপিওভুক্ত বেসরকারি সব নতুন শিক্ষাপ্রতিষ্ঠানকেই প্রাথমিকভাবে আগামী তিন বছরের জন্য অস্থায়ীভাবে কিছু শর্ত

পূরণ করতে হবে। এতে ব্যর্থ হলে ওইসব প্রতিষ্ঠানের এমপিওভুক্তি স্থগিত হয়ে যাবে। শর্তাবলির মধ্যে উল্লেখযোগ্য হলো- শিক্ষাপ্রতিষ্ঠানের স্বীকৃতি, পাঠদানের অনুমতি, নবায়ন ও অন্যান্য কাগজপত্র আগে যাচাই করা হবে। যাচাইয়ে যথার্থতা পাওয়া গেলে তারপর এমপিও চালু হবে। এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর প্রতিটিকে পাবলিক পরীক্ষায় মোট শিক্ষার্থীর কমপক্ষে ৭০ শতাংশ ছাত্রছাত্রীকে পাস করতে হবে। এ ছাড়া পরিপত্রে আরও কিছু শর্ত জুড়ে দেওয়া হতে পারে।

মন্ত্রণালয়ের উর্ধ্বর্তন এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, এমপিও একবার হতে পারলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে পাঠদানের ব্যাপারে এক ধরনের গা-ছাড়া ভাব চলে আসে। এবার সে কারণে শর্ত সাপেক্ষে এমপিওভুক্তি দেওয়া হচ্ছে। এখন থেকে প্রতি বছর এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে মনিটর করা হবে।

এবার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর ধরন অনুসারে আলাদা পরিপত্র জারি করা হবে। এর কারণ জানতে চাইলে এক কর্মকর্তা বলেন, একটি মাত্র পরিপত্রে সব প্রতিষ্ঠানের নাম দিয়ে পরিপত্র জারি করলে, কোনো একটি নির্দিষ্ট প্রতিষ্ঠান এমপিও না পেয়ে মামলা করলে পুরো তালিকার সব প্রতিষ্ঠানের এমপিও স্থগিত হয়ে যাওয়ার আশঙ্কা তৈরি হয়। তাই এবার আলাদা পরিপত্র জারি করা হচ্ছে।

চলতি ২০১৯-২০ অর্থবছরে এমপিওভুক্তির জন্য বরাদ্দ রয়েছে ৮৬৫ কোটি টাকা। ১ হাজার ৬৫১টি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হলে তাতে ব্যয় হবে ৭৯৬ কোটি ৪৬ লাখ ৪৩ হাজার টাকা। বাকি ৬৮ কোটি ৫৭ লাখ টাকা মন্ত্রণালয়ের হাতে উদ্বৃত্ত থাকবে।

**শিক্ষামন্ত্রীর মতবিনিময় :**গতকাল মতবিনিময়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি সাংবাদিকদের বলেন, আজ বুধবার দুপুর ১২টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের নতুন এমপিওভুক্তির ঘোষণা দেবেন।

এখন থেকে প্রতি বছর এমপিওভুক্তির কার্যক্রম চলমান থাকবে। যেসব প্রতিষ্ঠান প্রতি বছর যোগ্য বলে বিবেচিত হবে, তাদের এমপিওভুক্তির আওতায় নিয়ে আসা হবে। যারা পিছিয়ে থাকবে, তাদের সহযোগিতা করে এগিয়ে আনা হবে। এসব প্রতিষ্ঠান যোগ্যতা অর্জন করলেই এমপিওর আওতায় আনা হবে।

জাতীয় প্রেসক্লাবের সামনে অনশনরত শিক্ষকদের কর্মসূচি প্রত্যাহার করারও আহ্বান জানান শিক্ষামন্ত্রী। তাদের ক্লাসে ফিরে যাওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, শিক্ষকরা অনশনে যাওয়ার আগেই তাদের ফোন করে আলোচনায় বসার প্রস্তাব দিয়েছিলাম। নির্ধারিত সময়েই তাদের সঙ্গে বৈঠক হয়েছে। তাদের বলা হয়েছে, এমপিওভুক্তির প্রক্রিয়া চালু হয়েছে। যোগ্যতার ভিত্তিতে প্রতি বছরই এমপিওভুক্ত করা হবে।

দীপু মনি বলেন, আপনারা আন্দোলন না করে প্রতিষ্ঠানে ফিরে যান। আপনাদের আন্দোলনের কারণে শিক্ষার্থীদের ক্ষতি হচ্ছে। তারা অনুরোধ না শুনে অনশন শুরু করেছেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:  
ad.samakalonline@outlook.com